



ধর্ষণ মামলায় আদালতে বিচারের মুখোমুখি হচ্ছেন হাকিমি



ফুটবলার আশরাফ হাকিমি। ছবি: সংগৃহীত

ধর্ষণের অভিযোগে দায়ের করা মামলায় মরক্কোর ফুটবলার আশরাফ হাকিমিকে বিচারের মুখোমুখি করার সিদ্ধান্ত বহাল রেখেছে ফ্রান্সের একটি আপিল আদালত। এর ফলে মামলাটির বিচারিক কার্যক্রম শুরু হওয়ার পথ আরও স্পষ্ট হলো।

তবে শুরু থেকেই নিজের বিরুদ্ধে আনা অভিযোগ অস্বীকার করে আসছেন হাকিমি। তার দাবি, তিনি নির্দোষ এবং আদালতে নিজের অবস্থান তুলে ধরার সুযোগের অপেক্ষায় আছেন। ফরাসি গণমাধ্যমের খবরে জানা যায়, আদালতে করা আপিল আবেদন খারিজ হওয়ায় মামলাটি এখন ফৌজদারি আদালতে শুনানির জন্য এগোবে। যদিও বিচার শুরুর নির্দিষ্ট তারিখ এখনো নির্ধারণ করা হয়নি।

২০২৩ সালে এক তরুণী হাকিমির বিরুদ্ধে যৌন নিপীড়নের অভিযোগ তোলেন। অভিযোগের পর ফরাসি কর্তৃপক্ষ তদন্ত শুরু করে এবং পরবর্তীতে বিষয়টি আদালতে গড়ায়। সাম্প্রতিক আদালতের সিদ্ধান্তের পর সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক প্রতিক্রিয়ায় হাকিমি বলেন, শুরু থেকেই তিনি বিচারিক প্রক্রিয়ার ওপর আস্থা রেখেছেন। আদালতে সত্য সামনে আসবে বলেও আশা প্রকাশ করেন এই ফুটবলার।

এদিকে মামলাটি নিয়ে হাকিমির আইনজীবীর পক্ষ থেকে তাৎক্ষণিক কোনো মন্তব্য পাওয়া যায়নি।